সংবাদ

তারিখ 09 APR 2009
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

### নড়াইল সরকারি ভিক্টোরিয়া কলেজ

# ছাত্রলীগ মনোনীতদের ভর্তি না করায় শিক্ষকরা তালাবদ্ধ

প্রতিনিধি, নড়াইল

অনার্স প্রথম বর্ষে দলীয় মনোনীতদের ভর্তি না করে মেধা তালিকার ভিত্তিতে উত্তীর্ণ শিক্ষার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণকালে নড়াইল সরকারি ভিক্টোরিয়া কলেজের ৪ শিক্ষককে প্রায় একঘণ্টা তালাবদ্ধ করে রাখে ছাত্রলীগের নেতাকর্মীরা। গতকাল বুধবার এ ঘটনার পর পরিস্থিতি নিয়ন্ত্রণে কলেজ ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়। উপযুক্ত পরিবেশ না থাকায় কলেজ কর্তৃপক্ষ ভর্তি কার্যক্রম স্থগিত করেছে।

কলেজ সূত্রে জানা গেছে, অনার্স শ্রেণীতে বাণিজ্যিক অনুষদসহ কলা অনুষদের কয়েকটি বিভাগে ১৪০ জন অতিরিক্ত ছাত্রছাত্রী ভর্তির অনুমতি পাওয়ার পর গতকাল সেসব আসনে নতুন করে ভর্তি কার্যক্রম শুরু হয়। এরই অংশ হিসেবে কলেজের ইংরেজি

তালাবদ্ধ : পৃ: ১১ ক: ৮

## তালাবদ্ধ : শিক্ষকরা

(১২ পৃষ্ঠার পর)

বিভাগের অফিস কক্ষে ইংরেজি বিভাগের প্রধান ভর্তি কমিটির আহ্বায়ক শুভেন্দু মজুমদার, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান মিজানুর রহমান, বাংলা বিভাগের সহকারী অধ্যাপক জয়দেব কুমার মণ্ডল ও দর্শন বিভাগের প্রভাষক মো. সাহাবুদ্দিন সকাল ১০টায় ভর্তিচ্ছুদের মৌখিক পরীক্ষা নেয়া শুরু করেন। এ সময় কলেজ ছাত্রলীগের নেতাকর্মীরা শুধু তাদের মনোনীতদের ভর্তির ব্যাপারে শিক্ষকদের ওপর চাপ প্রয়োগ করে। কিন্তু কর্তব্যরত শিক্ষকরা তাদের দাবি প্রত্যাখ্যান করে মেধা ক্রমানুসারে ছাত্রছাত্রী ভর্তির লক্ষ্যে মৌখিক পরীক্ষা শুরুর ঘণ্টাখানেক পর ১১টার দিকে নেতাকর্মীরা হৈহট্টগোল শুরু করে এবং মৌখিক পরীক্ষার কক্ষের দরজা বন্ধ করে তালা ঝুলিয়ে দেয়। এতে আটকা পড়ে যান ওই শিক্ষকরা। এ সময় গোটা কলেজ ক্যাম্পাসে আতঙ্ক ছড়িয়ে পড়ে। প্রায় এক ঘণ্টা অবরুদ্ধ থাকার পর পুলিশ ঘটনাস্থলে এলে শিক্ষকরা মুক্ত হন।